ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৩০.২৫-৭৮৬৭ তারিখ:২৭/১১/২০২৫খ্রি.

**পরিপত্র**

**বিষয়: ৬-১১ ডিসেম্বর ২০২৫ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন।**

টেকসই উন্নয়ন লক্ষ্য অনুযায়ী বাংলাদেশে মাতৃমৃত্যুর হার ২০৩০ সালের মধ্যে ৭০-এ নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, অন্যদিকে ২০১৯ সালে কেনিয়াতে অনুষ্ঠিত ICPD+25 সম্মেলনে অংশগ্রহণকারী সকল দেশ তিনটি শূন্য: শূন্য মাতৃমৃত্যু, নারীর প্রতি শূন্য সহিংসতা এবং অপূর্ণ চাহিদা শূন্য অর্জন করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়েছে। এ তিন শূন্য অর্জনে অন্যতম বড় বাধা বাল্যবিয়ে। বাংলাদেশের বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ অনুযায়ী বিবাহের আইনগত বয়স মেয়েদের ১৮ বছর হলেও বিডিএইচএস, ২০২২ অনুযায়ী ২০-২৪ বছর বয়সী নারীদের বিয়ের গড় বয়স ১৬ বছর। ১৫-১৯ বছর বয়সীদের মধ্যে গর্ভধারণের হার অর্থাৎ কৈশোরকালীন মাতৃত্বের হার ২৪%। কিশোরী বয়সে সন্তান ধারণ করলে শিশুর বৃদ্ধি ব্যাহত হওয়া, মৃত সন্তান প্রসব, অপরিপক্ক প্রসব, কম ওজনের শিশুর জন্ম, মায়ের প্রজননতন্ত্রের জটিলতাসহ নানারকম স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হতে হয়। অনেক সময় অনাকাঙ্ক্ষিত মৃত্যুর ঘটনাও ঘটে। এসব বিষয় বিবেচনায় নিয়ে এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে "পরিকল্পিত পরিবার, নিরাপদ মাতৃত্বের অঙ্গীকার।" এ প্রতিপাদ্যের আলোকে আগামী ৬-১১ ডিসেম্বর দেশব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ ২০২৫ উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:

- কেন্দ্রীয়ভাবে এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকায় উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে;
- বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে অ্যাডভোকেসি সভার আয়োজন করতে হবে; অ্যাডভোকেসী সভায় সরকারী দপ্তরের কর্মকর্তাসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানাতে হবে;
- উদ্ভাবনী চিন্তা ও উদ্যোগের মাধ্যমে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদযাপনের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে প্রণীত কর্মসূচীর আলোকে বিভাগ,জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবেন;
- প্রতিপাদ্যের আলোকে ব্যাপক প্রচার-প্রচারণার নিমিত্ত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, বিশেষ স্যাটেলাইট ক্লিনিক ও উঠান বৈঠকের আয়োজন করতে হবে;
- UNFPA এর বরাদ্দকৃত অর্থ হতে আনুপাতিক হারে বিভাগ, জেলা, উপজেলা পর্যায়ে বরাদ্দ প্রদান করা হবে। এছাড়াও পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও এনজিওদের সহায়তার কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;
- প্রচার প্রচারণা কার্যক্রমকে আকর্ষণীয় ও জনগণের মাঝে গ্রহণযোগ্য করে তোলার জন্য প্রস্তুতকৃত আইইসি সামগ্রী (পোস্টার, লিফলেট, ফোল্ডার) বিতরণ এবং বিভিন্ন স্তরের সেবা কেন্দ্রে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
- আইইএম ইউনিট হতে সরবারহকৃত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য সম্বলিত ব্যানারের নমুনা অনুযায়ী ব্যানার তৈরি এবং সেবা কেন্দ্রের দর্শনীয় স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন বিভাগ, জেলা, উপজেলা ও তদনিম্ন পর্যায়ে পরিবার পরিকল্পনার অস্থায়ী, দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পদ্ধতির সেবা প্রদানের নিমিত্ত বিশেষ ক্যাম্প আয়োজন করতে হবে। সেবা প্রদানের ক্ষেত্রে প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবাসহ প্রাতিষ্ঠানিক ডেলিভারির উপরও গুরুত্ব দিতে হবে। কিশোর-কিশোরীদের সেবা বৃদ্ধিকল্পেও বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে;
- স্থায়ী ও দীর্ঘমেয়াদী সেবা প্রদানের ক্ষেত্রে যেসকল স্থানে সেবাদানকারীর স্বল্পতা রয়েছে সেখানে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) ও উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন সমন্বয়ে টিম গঠন করবেন এবং সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন;
- সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষ্যে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় লজিস্টিক ও এমএসআর সংগ্রহ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রয়ণ, আবাসন, গুচ্ছগ্রামে বসবাসকারী জনগোষ্ঠী এবং সিটি কর্পোরেশন এলাকার বস্তিবাসীদের জন্য বিশেষ সেবা প্রদান কার্যক্রম গ্রহণ করতে হবে;
- সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিট একটি মনিটরিং চেকলিস্ট প্রণয়ন করবেন এবং একটি তথ্য সেল গঠন পূর্বক ইমেইল (dirmisfp@gmail.com)/টেলিফোনের মাধ্যমে চেকলিস্ট অনুযায়ী মাঠ পর্যায় থেকে প্রতিদিনের তথ্য সংগ্রহ করবেন। জেলা পরিবার পরিকল্পনা অফিস তার অধীনস্ত উপজেলার তথ্য সংকলন পূর্বক এমআইএস ইউনিটে প্রেরণ করবে;

CamScanner

- সেবা ও প্রচার সপ্তাহের কার্যক্রম বিভাগ ও জেলাওয়ারী মনিটরিং এর জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে মনিটরিং টিম গঠন করা হবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুরূপ একটি মনিটরিং টিম গঠন করা হবে;
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সেবা ও প্রচার সপ্তাহের চাহিদা অনুযায়ী মজুদ সাপেক্ষে প্রয়োজনীয় লজিস্টিকস/মালামাল দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেলের মাধ্যমে সপ্তাহব্যাপী প্রতিপাদ্যের আলোকে বিষয় ভিত্তিক বিশেষ অনুষ্ঠান প্রচার করা হবে;
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা/কর্মচারীগণের সাথে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণও সেবা ও প্রচার প্রচারণা কার্যক্রমে অংশ গ্রহণ করবেন। এ বিষয়ে উভয় অধিদপ্তরের মহাপরিচালকগণের যৌথ স্বাক্ষরে পত্র প্রেরণ করা হবে।

উপর্যুক্ত বিষয়সমূহের প্রতি গুরুত্ব প্রদানপূর্বক ০৬-১১ ডিসেম্বর ২০২৫ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদযাপনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২৭/১১/২০২৫

ডা. আশরাফী আহমদ, এনডিসি,
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন : ০২-৫৫০১২৩৪১
ইমেইল: dg@dgfp.gov.bd

'ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট'

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ**
**জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা-১২০৫।**
www.fpo.dhakadiv.gov.bd

স্মারক নং: ৫৭.১১.০০০০.০০১.২৩.০১৮.২৫. ১৫৯৮ তারিখ : ২৭/১১/২০২৫খ্রি:

অনুলিপি : অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো : ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক (প্রশাসন)পরিবার পরিকল্পনা অধিদপ্তর ০৬ কাওরান বাজার,ঢাকা।
২। সিভিল সার্জন ------ঢাকা বিভাগ।
৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা .................... সকল জেলা, ঢাকা বিভাগ। **(আগামী ০৬- ১১ ডিসেম্বর ২০২৫ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন সহ পত্রের নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ করা হলো)**
৪। সহকারী পরিচালক(সিসি)/মেডিকেল অফিসার (সিসি) ,জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ...........সকল জেলা, ঢাকা বিভাগ।
৫। অফিস কপি।

২৭/১১/২৫

(মো: মোজাম্মেল হক)
পরিচালক
পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
ফোনঃ ০২- ২২৬৬৮৪১৬০
dfpdhaka01@gmail.com

CamScanner